# BENGALI(P.G.)

## [CBCS]

## M.A. First Semester End Examination-2023

## (Regular & Supplementary Paper)

## PAPER-101

***Full Marks: 40*** ***Time: 02 Hrs***

*The figures in the right hand margin indicate marks*
*Candidates are required to give their answers in their own words as far as practicable*
*Illustrate the answers wherever necessary*

### বিভাগ - ক

**যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও:-** **২ x ৮= ১৬**

১। পালি ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

২। বাংলা ভাষার যুগবিভাগ করে প্রাচীন বাংলার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৩। প্রাচীন ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত সহ উল্লেখ করো।

৪। অসমীয়া ভাষার সঙ্গে বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগত পার্থক্য দেখাও।

### বিভাগ – খ

**যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও** **৪x ৪= ১৬**

৫। কেন্তুম ও সতম্‌গুচ্ছের বিভাজনের যৌক্তিকতা বিচার করো।

৬। লৌকিক সংস্কৃত ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৭। সংক্ষেপে আলোচনা করো: টিউটনিক বা জার্মানিক ভাষাগোষ্ঠী।

৮। ওড়িয়া ভাষা কোন অঞ্চলে প্রচলিত। ওড়িয়ার উপভাষাগুলির নাম লেখো। ওড়িয়া ভাষায় লেখা যে কোন চারটি সাহিত্য সৃষ্টির উদাহরণ দাও।

৯। মৈথিলী ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত সহ উল্লেখ করো।

১০। মহারাষ্ট্রী প্রাকৃতের ভাষাতাত্ত্বিক সংক্ষিপ্ত পরিচয় দাও।

১১। পালি ভাষার নামকরণ বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

১২। অপভ্রংশ-অবহট্ট স্তরের ভাষাসমূহের চারটি সাধারণ বৈশিষ্ট্য উল্লেখ করো।

## বিভাগ – গ

**যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও** ৪x ২= ৮

১৩। আধুনিক বাংলার দুটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১৪। লাতিন ভাষা কোন শাখা থেকে সৃষ্টি হয়েছে ? এই ভাষার এমন নাম করণের কারণ কী ?

১৫। মাগধী প্রাকৃত ভাষার নিদর্শন কোন সাহিত্যকৃতিতে পাওয়া যায় ? এই ভাষা কোন অঞ্চলে প্রচলিত ছিল ?

১৬। 'গাথাসত্তসই' কার লেখা ? কোন ভাষায় রচিত ?

১৭। ভোজপুরী ও মগহী ভাষার প্রচলিত ক্ষেত্র উল্লেখ করো।

১৮। মধ্য ভারতীয় আর্য ভাষার স্তরবিন্যাস করো।

১৯।ইন্দোইউরোপীয় ভাষার নামকরণের যৌক্তিকতা বিচার করো।

২০। ধবলগিরি ও উদয়গিরি পাহাড়ে কোন কোন লিপি উৎকীর্ণ আছে ?

--------O--------